

রেজিস্টার্ড নং ডি কয়

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৩১, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই ডায়, ১৩৯৪/৩০শে আগস্ট, ১৯৮৭

নং এস, আর, ও ১৮০-আইন/৮৭/১০৮৪/শুল্ক—The Customs Act, 1969 (IV of 1969)-এর section 25(7)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের ইংরেজী ১৯৮৭ সালের ১৮ই জুন মোতাবেক বাংলা ১৩৯৪ সালের ৩রা আষাঢ় তারিখের এস, আর, ও ১১৫-আইন/৮৭/১০৭০/শুল্ক নম্বর প্রজ্ঞাপনে নিম্নরূপ সংশোধন করিলেন, যথা :

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলে, কলাম (১) ক্রমিক নম্বর ২২ (খ) এর বিপরীতে কলাম (২) এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

“অন্যিক ২ মিঃ মিঃ পুরু হট-রোল্ড বা কোল্ড-রোল্ড লোহা বা ইস্পাতের বিপি/এম এস শীট বা কয়েল”।

২। এই প্রজ্ঞাপন ১৯৮৭ সালের ১৮ই জুন (মোতাবেক ১৩৯৪ সালের ৩রা আষাঢ়) তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহ আব্দুল হামান

অতিরিক্ত সচিব।

[নথি নং ১(৩)কাস-১/৮৭]

(৪৯৬৯)

মুদ্রা: ৩০ পয়সা

(বিক্রয় কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই জ্যৈষ্ঠ, ১৩৯৪/৩০শে আগস্ট, ১৯৮৭

নং এস, আর, ও ১৮১-আইন/৮৭/৫৫/বিক্রয় কর—The Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982) এর section 4(1) এ ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ইংরেজী ১৯৮৭ সালের ১৮ই জুন মোতাবেক বাংলা ১৩৯৪ সালের ৩রা আষাঢ় তারিখের এস, আর, ও ১১৪-আইন/৮৭/৫৩/বিক্রয় কর নম্বর প্রজ্ঞাপনে নিম্নরূপ সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২এ, কলাম (১) এর ট্যারিফ হেডিং নং 73·13 এর বিপরীতে কলাম (২) এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

“BP/MS sheet or coil of iron or steel, hot-rolled or cold-rolled, up to a maximum thickness of 2 mm., G.P. sheet and C.I. sheet.”।

২। এই প্রজ্ঞাপন ইংরেজী ১৯৮৭ সালের ১৮ই জুন মোতাবেক বাংলা ১৩৯৪ সালের ৩রা আষাঢ় তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহ আব্দুল হান্নান

অতিরিক্ত সচিব।

[নিখি নং ১(৩)কাস-১/৮৭]